যুগান্তর

APR. 23 2002

# কোনটা সত্যি?

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ১৯৯৬ শিক্ষাবর্ষ থেকে নবম ও দশম শ্রেণীর বিজ্ঞান শাখার সামাজিক বিজ্ঞান বিষয়ের প্রকাশিত দুই পরিবেশকের দুই বইয়ে ভিন্ন তথ্য দেখা যায়। দুইটি বইয়ের রচনা, সম্পাদনায় উল্লিখিত নামে কোন তারতম্য নেই। নেই অঙ্গসজ্জায় কোন পার্থক্য। দুই পরিবেশকের সামাজিক বিজ্ঞানের এ বইয়ের নবম পরিচ্ছেদে রয়েছে বায়ুমণ্ডল (পৃষ্ঠা-১৩৮)। মাসুম ব্রাদার্স পরিবেশিত ওই বইয়ে বায়ুমণ্ডলের স্তর উল্লেখ রয়েছে তিনটি, যথা (১) ট্রপোমণ্ডল (২) স্ট্রাটোমণ্ডল (৩) আয়নমণ্ডল। কিন্তু কোহিনুর লাইব্রেরি কর্তৃক পরিবেশিত বইয়ে স্তরের উল্লেখ আছে চারটি, যথা (১) ট্রপোমণ্ডল (২) স্ট্রাটোমণ্ডল (৩) মেসোমণ্ডল ও (৪) তাপমণ্ডল। ট্রপোমণ্ডলের বর্ণনায় দুই বইয়ে ভিন্নভিন্ন স্তরের বিস্তারের উল্লেখ রয়েছে যা




সহজেই শিক্ষার্থীদের জন্য বিভ্রান্তিকর হতে পারে। বিদ্যার্থীদের সঠিক উত্তরদানে সমস্যায় ফেলে দিতে পারে। বর্তমানে প্রশ্নপত্রে এমসিকিউ অন্তর্ভুক্ত রয়েছে যার ওপর পরীক্ষার্থীদের ফলাফল অনেকাংশে নির্ভরশীল। পাঠ্যপুস্তকে যথাযথভাবে পড়া এবং প্রশ্নের সঠিক উত্তর প্রদানে অনুশীলন করা এ ধরনের প্রশ্ন প্রণয়নের উদ্দেশ্যগুলোর অন্যতম। বিদ্যার্থীদের শুধু গোটাকতক প্রশ্নের উত্তর মুখস্থ করে পরীক্ষা দেয়ার প্রবণতা দূর করার লক্ষ্যে পাঠ্যপুস্তক প্রণয়ন জরুরি। উল্লিখিত দুটি বই ১৯৯৭ শিক্ষাবর্ষে সংশোধিত এবং পরিমার্জিত বলে উল্লেখ রয়েছে। বই দুটির নবম পরিচ্ছেদে বায়ুমণ্ডলের অনুশীলনীর সংক্ষিপ্ত প্রশ্নের মধ্যে রয়েছে– বায়ুমণ্ডলের স্তর কয়টি? তাহলে শিক্ষার্থীদের জন্য কোন্ উত্তরটি সঠিক? তিনটি? না চারটি??

**মুসাহিদ উদ্দিন আহমদ**
জানকী সিং রোড, বরিশাল